# তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্ত করতে হবে

## —বাংলাদেশ শিক্ষক সমিতি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গতকাল (শুক্রবার) প্রিন্সিপাল মোঃ কামরুজ্জামানের সভাপতিত্বে বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের এক সভা সেগুনবাগিচা হাই স্কুলের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় গত বছর ২৪ আগস্ট শিক্ষক নেতাদের সাথে সম্পাদিত চুক্তিপত্রের ভাষার দুর্বলতার মারপ্যাচের সুযোগ নিয়ে শিক্ষা মন্ত্রণালয় প্রতিশ্রুতি মোতাবেক ১০% বেতন বিষয়টি বাস্তবায়নের পরিবর্তে অন্যায়ভাবে ২৪ আগস্ট তারিখ পর্যন্ত বৈধভাবে নিযুক্ত তৃতীয় বিভাগপ্রাপ্ত বেসরকারী শিক্ষকদের এমপিওভুক্তির প্রক্রিয়া বন্ধ করে তাদেরকে বেতনের সরকারী অংশ থেকে বঞ্চিত করার পদক্ষেপ গ্রহণ করায় তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়। সভায় ২৪ আগস্ট পর্যন্ত বৈধভাবে নিযুক্ত তৃতীয় বিভাগপ্রাপ্ত সকল শিক্ষককে অবিলম্বে এমপিওভুক্ত করা, বেতনের ১০% বৃদ্ধি বাস্তবায়ন করা (জুলাই ২০০০ থেকে বকেয়াসহ), বর্ধিত হারে মেডিকেল ভাতা প্রদান, অন্যান্য সরকারী পেশার সাথে সামঞ্জস্য রেখে একটি তৃতীয় বিভাগপ্রাপ্তদের বিষয়টি বিবেচনা করা এবং বেসরকারী শিক্ষক কল্যাণ ট্রাস্টের কাজ শুরু করার প্রয়োজনীয় পদক্ষেপের জোর দাবী করা হয়। এছাড়া সভায় আরও সিদ্ধান্ত গ্রহণ করা হয় আগামী ৩১ জানুয়ারী ২০০১-এর মধ্যে ও উল্লেখিত দাবীসমূহ পূরণের পদক্ষেপ গ্রহণ না করা হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী নেয়া হবে। ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে আগামী ২১ জানুয়ারী বিকাল ৫টায় বাংলাদেশ শিক্ষক সমিতি কার্যালয়ে বাংলাদেশ শিক্ষক সংগ্রাম সমন্বয় কমিটির একটি সভা আহবানের সিদ্ধান্ত নেয়া হয়েছে।